# তারাগঞ্জ উপজেলা পরিষদের মার্চ ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনিছুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তারাগঞ্জ, রংপুর।

তারিখ ও সময় : ৩১.০৩.২০২২ খ্রি., সকাল ১১:৩০ টা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

[সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে]

সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে মার্চ, ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভাপতি বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ নিজ বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন।

আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপ :

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, জনসাধারণের মাঝে ১ম ডোজ ১,১৮৯৪১ জন (৬৯.৫২%), ২য় ডোজ ১,০০,৮৩০ জন (৫৮.০৬%) ও বুস্টার ডোজ ৩,৩৭৫ জন এবং স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীর মাঝে ১ম ডোজ ১৭,৯৫৭ জন ও ২য় ডোজ ১৫,১৫৫ জনকে প্রদান কোভিড টিকা প্রদান করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ। |
| ০২ | **উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ :**<br>উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ, রংপুর বলেন, গত ২৫.০২.২০২২ তারিখের ঝড় বৃষ্টিতে ফসলের ক্ষয়ক্ষতি হয়নি। কৃষকদের মাঝে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। ৫০% উন্নয়ন সহায়তায় বিভিন্ন কৃষি যন্ত্রপাতি বিতরণের জন্য বিভাগীয় নির্দেশনা পাওয়া গেছে। আগ্রহী কৃষকদের আবেদনের ভিত্তিতে বরাদ্দ মোতাবেক নীতিমালা অনুযায়ী বিতরণ করা হবে। এছাড়া এ উপজেলায় নতুন ফসল হিসেবে ২০ শতক জমিতে ব্রোকলী, ৬০ শতক জমিতে চিয়া এবং মাশরুম চাষ করা হয়েছে। তিনি জানান, ইউরিয়া সার ২৪৯ মে. টন, টিএসপি সার ৮৫ মে. টন, এমওপি সার ৭৫ মে. টন এবং ডিএপি সার ৩৭৩ মে. টন মজুদ আছে। এছাড়া সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয়ের জন্য বিসিআইসি ও বিএডিসি সার ডিলারের গুদাম পরিদর্শনপূর্বক কঠোরভাবে মনিটরিং করা হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ, রংপুর। |
| ০৩ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় মাঠ কর্মী স্ব স্ব এলাকায় কাজ করছেন। তিনি প্রতিটি ইউনিয়নে দায়িত্বরত মাঠকর্মীদের কার্যক্রম মনিটরিং করাসহ গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় সংশ্লিষ্ট চাষীদের পরামর্শ প্রদানপূর্বক সরকারের নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাস প্রতিরোধে বাসস্থানের বাইরে সর্বাবস্থায় মাস্ক পরিধান করা, পারস্পারিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি বলেন, এ উপজেলায় (ক) ব্লাক বেঙ্গল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প (খ) পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প (গ) জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প (ঘ) লাইভস্টক এন্ড ডেইরি প্রকল্প (এলডিডিপি) (ঙ) আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পসমূহ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ |
| ০৪ | **উপজেলা শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার। |
| ০৬ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, এ উপজেলায় আর্থ-সামাজিক উন্নয়নে তিনি এবং মাঠকর্মীগণ কাজ করছে। এছাড়া তিনি জানান, বর্তমানে প্রশিক্ষণ, আত্মকর্মী ও ঋণ কার্যক্রম চালু আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তারাগঞ্জ, রংপুর |
| ০৭ | **উপজেলা মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার, তারাগঞ্জ |
| ০৮ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, জন্ম নিয়ন্ত্রণরোধে স্ব স্ব ইউনিটের মাঠকর্মীগণ কাজ করছেন। এ ছাড়াও তিনি বলেন, সক্ষম দম্পতি সংখ্যা ৩৬,৫১৩ জন, গ্রহণকারী ২৯,১১০ জন, গ্রহণকারীর হার ৭৯.৭৩%তারাগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা সেবার মধ্যে খাবার বড়ি বিতরণ ৯৪৭টি, কনডম ৯৯টি, ইনজেকশন গ্রহণকারী ৪৩৮ জন, আইইউডি ০২ জন, ইমপ্লান্ট ২৭২ জন, স্থায়ী পদ্ধতি নিয়েছেন পুরুষ ০২ জন এবং মহিলা ০২ জন। মা ও শিশু স্বাস্থ্য সেবার মধ্যে গর্ভকালীন পরিচর্যা ৩৩৪ জন, প্রসব সেবা ১৮৭ জন, গর্ভোত্তর পরিচর্যা ১৬২ জন এবং শিশু পরিচর্যা ৯৮ জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ। |
| ০৯ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১০ | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেবা অফিসার, তারাগঞ্জ |
| ১১ | **উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, এ উপজেলার সমবায় সমিতিগুলোর কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, কেন্দ্রীয় (পউবো) সমবায় সমিতির সংখ্যা ০১টি, গত মাস পর্যন্ত প্রাথমিক (সাধারণ) সমবায় সমিতির সংখ্যা ৫৯টি, প্রাথমিক (পউবো) সমবায় সমিতির সংখ্যা ১৪৮টি এবং আশ্রয়ণভুক্ত সমবায় সমিতির সংখ্যা ০১টি। এছাড়া তিনি আগামী জুন মাস পর্যন্ত নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে ধার্য ও আদায় চলমান থাকবে মর্মে সভায় অবহিত করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তারাগঞ্জ |
| ১৩ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ও অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তারাগঞ্জ, রংপুরসহ সংশ্লিষ্ট সকল |
| ১৪ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ- সহ: প্রকৌশলী (জনস্বাস্থ্য) তারাগঞ্জ। |
| ১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, এ উপজেলায় শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে শিক্ষা কার্যক্রম স্বাভাবিক ও সচল রাখতে ১২-১৮ বছর বয়সী মোট ১ম ডোজ ২য় ডোজের ভ্যাকসিন প্রদান করা হয়েছে। তিনি জানান, দীর্ঘদিন পাঠদান কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ক্ষতিগ্রস্ত হওয়ায় শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণকল্পে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আগামী ২৬.০৪.২০২২ তারিখ পর্যন্ত যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পাঠদান | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তারাগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষে সারাদেশের ন্যায় এ উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গত ২৭.০৩.২০২২ তারিখ হতে মেয়ে শিক্ষার্থীদের প্রতি সপ্তাহে একটি করে আয়রন ফলিক এসিড ট্যাবলেট খাওয়ানোর কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৬ | **ফরেস্টার, বন বিভাগ :**<br>উপজেলা ফরেস্টার, বন বিভাগ, তারাগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্তরসহ বিভিন্ন হাট-বাজারের ঝুঁকিপূর্ণ গাছের তালিকা তৈরীর কাজ শেষ হওয়ায় তা বাস্তবায়নের প্রক্রিয়ায় রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা ফরেস্টার, বন বিভাগ, তারাগঞ্জ। |

## উপজেলা পরিষদের অহস্তান্তরিত বিভাগসমূহ :

| | | | |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ :**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, এ উপজেলায় বর্তমানে আলু ফসলের আনুমানিক হিসাব প্রস্তুত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ। |
| ০২ | **উপজেলা খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ সভায় বলেন, ৩১.০৩.২০২২ তারিখ পর্যন্ত তারাগঞ্জ উপজেলার খাদ্য গুদামে চাল ১৫৬৬.৪১৩ মে. টন, কার্নেল ০৩.২ কেজি, খালি বস্তা (৫০ কেজি) ১,৯৮,৭০০টি মজুদ রয়েছে। এছাড়াও গম সংগ্রহ/২০২২ এর লক্ষমাত্রা ২০৭.০০ মে. টন। গুদামের মজুদ সন্তোষজনক। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ। |
| ০৩ | **উপজেলা আনসার ভিডিপি বিভাগ :**<br>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), তারাগঞ্জ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তারাগঞ্জ। |
| ০৪ | **উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক :**<br>শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার), উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তারাগঞ্জ সভায় জানান যে, গত মাসে ঋণ আদায় হয়েছে ৫২,০০,০০০/- টাকা, বিতরণ করা হয়েছে ৭০,০০,০০০/- টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ২,০০,০০০/- টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | শাখা ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ০৫ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ :**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, তারাগঞ্জ জোন |
| ০৬ | **দারিদ্র বিমোচন বিভাগ :**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, তারাগঞ্জ সভায় বলেন, আর্থ-সামাজিক উন্নয়নে ঋণ প্রদানসহ ঋণ আদায় কার্যক্রম চলছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্ত বায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ০৭ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :**<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সভায় জানান যে, প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায় নের সিদ্ধান্ত গৃহীত হয় | ডিভলোমেন্ট ফ্যাসিলিটেটর (ইউজিডিপি) |
| ০৮ | **উপজেলা তথ্যসেবা বিভাগ :**<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ০৯ | **উপজেলা নির্বাচন বিভাগ :**<br>উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ। |
| ১০ | **উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর :**<br>সহকারী প্রোগ্রামার (এপি), তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, তারাগঞ্জ, রংপুর |
| ১১ | **চেয়ারম্যান, ০১নং আলমপুর ইউপি :**<br>চেয়ারম্যান, ১নং আলমপুর ইউপি ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান আলমপুর ইউপি, তারাগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **চেয়ারম্যান, ০২নং কুর্শা ইউপি :**<br>চেয়ারম্যান, ২নং কুর্শা ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট স্ব স্ব কর্তৃপক্ষসহ চেয়ারম্যান কুর্শা ইউপি, তারাগঞ্জ। |
| ১৩ | **চেয়ারম্যান, ০৩নং ইকরচালী ইউপি :**<br>চেয়ারম্যান, ৩নং ইকরচালী ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ চেয়ারম্যান, ইকরচালী ইউপি। |
| ১৪ | **চেয়ারম্যান, ০৪নং হাড়িয়ারকুঠি ইউপি :**<br>চেয়ারম্যান, ৪নং হাড়িয়ারকুঠি ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউনিয়ন পরিষদের কার্য -ক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান হাড়িয়ারকুঠি ইউপি। |
| ১৫ | **চেয়ারম্যান, ০৫নং সয়ার ইউপি :**<br>চেয়ারম্যান, ৫নং সয়ার ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, সয়ার ইউপি। |
| ১৬ | আলহাজ্ব মোঃ আতিয়ার রহমান, তারাগঞ্জ সভায় জানান যে, সরকারের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি মেনে এ উপজেলায় করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে সকলকে অনুরোধ জানিয়ে তিনি মতামত ব্যাক্ত করেন। | - | এম.পি মহোদয়ের প্রতিনিধি। |
| ১৭ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ :**<br>জনাব মোছাঃ সাবিনা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তারাগঞ্জ উপজেলার উন্নয়নে সংশ্লিষ্ট সকল এবং বিভাগীয় প্রধানগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। এছাড়াও তিনি ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস ব্যবহার অনুপযোগি হওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার/মেরামতের জন্য সভায় অনুরোধ জানান। | - | সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ :**<br>জনাব মোঃ গোলাম ছাইদেল কাওনাইন, ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, ভাইস চেয়ারম্যান দ্বয়ের অফিস ব্যবহার অনুপযোগি হওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার/মেরামত করা প্রয়োজন। এছাড়াও তিনি উপজেলা পরিষদের সামনের হাইওয়ে রাস্তায় স্ট্রিট ব্রেকার স্থাপনের জন্য অনুরোধ জানান। | প্রস্তাবিত বিষয়সহ উন্নয়নমূলক কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |

১৯। বিবিধ :

(ক) উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, হাট বাজার ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সংক্রান্ত নীতিমালা, ২০১১ অনুযায়ী তারাগঞ্জ উপজেলার ১৫টি হাট-বাজার ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রচার করা হয়েছে। ২১.০৩.২০২২ তারিখ হাট-বাজার ইজারা গ্রহণের দরপত্র দাখিলের ২ম পর্যায় নির্ধারণ করা হয়েছিল। দরপত্র বাক্সে মাত্র ০৩টি দরপত্র দাখিল হয়, যা নিম্নরূপ :

| ক্রম | হাট বাজারের নাম | সরকারি মূল | দাখিলকৃত দরদাতার নাম | দাখিলকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | জয়বাংলা হাট | ১০,৭৬৯/- | জনাব মোঃ দৌলত শাহ | ১১,০০০/- | সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ২. | লক্ষীপুর মাঝেরহাট | ১০,২১০/- | জনাব মোঃ আজিজুর রহমান (দুদু) | ১০,২৬০/- | সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ৩. | নেকীর হাট | ৪৪,৯০৬/- | জনাব মোঃ আখের আলী | ৪৬,১১০/- | সরকারি মূল্যের চেয়ে বেশি |

উপরোল্লিখিত ০৩টি হাট-বাজারের প্রাপ্ত দর সরকারি মূল্য অপেক্ষা বেশি হওয়ায় সর্বোচ্চ দরদাতাগণের অনুকূলে সংশ্লিষ্ট হাট-বাজার ইজারা প্রদানের জন্য সুপারিশ করা হয়। অবশিষ্ট ০৪টি হাট-বাজার যথাক্রমে চিকলীহাট, তারাগঞ্জ হাট, বালাবাড়ি হাট ও কাশিয়াবাড়ি হাটের অনুকূলে কোন দরপত্র পাওয়া যায়নি। দরপত্র না পাওয়ায় হাটগুলো পুন: ইজারা কার্যক্রম অব্যাহত রাখার এবং উল্লিখিত ০৩টি হাটের সর্বোচ্চ দরপত্রগুলো গ্রহণের পক্ষে উপস্থিত সকল সদস্য একমত পোষণপূর্বক ইজারা অনুমোদনের সুপারিশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপ :

| ক্রম | হাট বাজারের নাম | সরকারি দর | সর্বোচ্চ দরদাতার নাম | প্রাপ্ত ও অনুমোদিত দর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জয়বাংলা হাট | ১০,৭৬৯/- | জনাব মোঃ দৌলত শাহ | ১১,০০০/- |
| ২. | লক্ষীপুর মাঝেরহাট | ১০,২১০/- | জনাব মোঃ আজিজুর রহমান (দুদু) | ১০,২৬০/- |
| ৩. | নেকীর হাট | ৪৪,৯০৬/- | জনাব মোঃ আখের আলী | ৪৬,১১০/- |

<u>সিদ্ধান্তসমূহ :</u>

১। সরকারি মূল্যের চেয়ে প্রাপ্ত দর বেশি হওয়ায় ০৩টি হাট-বাজার যথাক্রমে জয়বাংলা হাট, লক্ষীপুর মাঝেরহাট ও নেকীর হাটের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। অবশিষ্ট ০৪টি হাট-বাজার যথাক্রমে চিকলীহাট, তারাগঞ্জ হাট, বালাবাড়ি হাট ও কাশিয়াবাড়ি হাটের দরপত্র আহবান প্রক্রিয়া (৩য় পর্যায়) চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, জনাব মোঃ আব্দল গফফার, পিতা- মৃত খয়ের উদ্দিন, গ্রাম- খলেয়া নন্দরাম, ডাঙ্গীরহাট, তারাগঞ্জ, রংপুর বর্তমানে হাড়িয়ারকুঠি ইউনিয়নে অবস্থিত লিচু বাগানের কেয়ারটেকার হিসেবে কাজ করে আসছে। তাকে মাসে ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে মাসিক সম্মানী ভাতা দেয়া প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সদস্যবৃন্দ উক্ত সম্মানী ভাতা প্রদানের মতামত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত :** জনাব মোঃ আব্দল গফফার, পিতা- মৃত খয়ের উদ্দিন, গ্রাম- খলেয়া নন্দরাম, ডাঙ্গীরহাট, তারাগঞ্জ, রংপুরকে হাড়িয়ারকুঠি ইউনিয়নে অবস্থিত লিচু বাগানের কেয়ারটেকার হিসেবে দায়িত্ব পালন করায় আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের ০১ জুলাই ২০২২ হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে মাসিক সম্মানী ভাতা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, আলোচিত বিষয়ের উপর গৃহিত সিদ্ধান্তবলী যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে কাজের গতিশীলতা বৃদ্ধি করতে সকল বিভাগীয় কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে উদ্যেগী হতে আহবান জানান। তিনি উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থানের জন্য পুনরায় অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/৫/২২

(মোঃ আনিছুর রহমান)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারাগঞ্জ, রংপুর।
www.taraganj.rangpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫০০.০৯২.০৩.০৫৬.২২-২০৩(১০০)    তারিখ : ৩১.০৩.২০২২ খ্রি.।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। জনাব আবুল কালাম মো: আহসানুল হক চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০, রংপুর-২ (তারাগঞ্জ-বদরগঞ্জ) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৪। জনাব/বেগম.....................................ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৫। উপজেলা .......................................... অফিসার, তারাগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৭। জনাব .............................................. সদস্য, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

৩১/৩/২২

(মোঃ রাসেল মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
তারাগঞ্জ, রংপুর।
ফোন: ০৫২২৮-৫৬০০১
unotaragonj@gmail.com